

**গ্রাম আদালত**  
**রায়শ্রী দক্ষিণ ইউনিয়ন পরিষদ**  
**খিলাবাজার, শাহরাস্তি, চাঁদপুর**  
**ডিক্রি/আদেশের অনুলিপি**

মামলা নং- ৩০/২০২৩

তারিখ: ১০/১০/২০২৩ইং

আবেদনকারীর নামঃ, ৫নং ওয়ার্ড, ইউনিয়ন- রায়শ্রী দঃ, উপজেলা-শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।

.....আবেদনকারী।

বনাম

প্রতিবাদীগণের নামঃ, ৫নং ওয়ার্ড, ইউনিয়ন- রায়শ্রী দঃ, উপজেলা-শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।

.....প্রতিবাদী।

তারিখ	অর্ডার/আদেশের বিবরণ	চেয়ারম্যানের স্বাক্ষর
১৫/১০/২০২৩	<p>অদ্য বাদী হাজির আছেন। বিবাদী হাজির নাই। রায়ের জন্য দিন ধার্য্য আছে। দেখিলাম। বিবাদীকে কয়েকবার সুযোগ ও তাগিদ দেওয়া স্বত্বেও হাজির না হওয়ায় অত্র আদালত এড়িয়া চলিতেছেন বলিয়া প্রমানিত হয় বিধায় বাদীর স্বাক্ষী প্রমান নিয়া অদ্য রায়ের জন্য দিন ধার্য্য করা হয় বিধায় নথি লওয়া হইল। বাদী পক্ষের প্রতিনিধিগন উপস্থিত আছেন। বাদীর আর্জি পাঠান্তে মৌখিক জবান বন্দি শুনিলাম এবং স্বাক্ষী প্রমান গ্রহণ করিলাম ও পর্যালোচনা করে জানা যায় ও প্রমানিত হয় যে, বিগত ২৩/০৬/২০০৫ ইং রেজি: ০২/২০০৫ নং বিবাহের কাবিন নামা মূলে মোট মং ৮০,০০০/- (আশি হাজার) টাকা দেন মোহর এবং মাসিক খোরাকি ১০০০(একহাজার) টাকা ধার্য্য করিয়া মোহরানা বাবদ ৪০০০০/- (চল্লিশ হাজার) টাকা নগদ প্রদান করে ৪০০০০/- (চল্লিশ হাজার) টাকা বাকি রাখিয়া ইসলামী শরীয়ত মতে বিবাদী বাদীকে বিবাহ করেন। বাদী বিবাদীকে বিবাহ করার পর স্বামীর একই এলাকায় একটি পাড়া কেন্দ্রে শিক্ষকতা করিয়া স্বামীর (বিবাদীর) সাথে সংসার করিলেও কিন্তু পরবর্তীতে বিবাদী সংসারের চিন্তভাবনা না করিয়া পরকীয়ায় লিপ্ত হয়। বিবাদীর পরকীয়ায় বাধা দেওয়ায় বিবাদী কর্তৃক বাদীকে মারধর করিয়া এবং বাদীর পরিচালিত উক্ত পাড়া কেন্দ্রের ব্যবহারের সৌর বিদ্যুত ও ছাত্র-ছাত্রীর বই পত্রসহ যাবতীয় সরঞ্জামাদি কাড়িয়া লইয়া বাদীকে সন্তানসহ পিতার বাড়ীতে তাড়াইয়া দেন বলিয়া প্রতীয়মান হয়। অতএব সার্বিক বিবেচনা করিয়া নিম্নমতে আদেশ দেওয়া হইল।</p> <p style="text-align: center;"><b>আদেশ</b></p> <p>স্বামীর (বিবাদীর) পরকিয়া ও অসামাজিক কাজে বাধা দেওয়ায় বিবাদী কর্তৃক বাদীকে মারধর ও পাড়াকেন্দ্রের সরঞ্জামাদি কাড়িয়া লইয়া পিতার বাড়ীতে তাড়াইয়া দিয়া বিবাদী শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন প্রমানিত হয় বিধায় বিবাদীর বিরুদ্ধে উচ্চতর আদালতে আশ্রয় গ্রহণের জন্য বাদীকে পরামর্শ দেওয়া হইল। নথি জাতা।</p> <p><u>প্রতিনিধিগণের স্বাক্ষর ও দস্তখত:</u></p> <p>১। .. . স্বাক্ষরিত/-</p> <p>২। .. . স্বাক্ষরিত/-</p> <p>৩। .. . স্বাক্ষরিত/-</p> <p>৪। .. . স্বাক্ষরিত/-</p>	<p>স্বাক্ষর অপাঠ্য-  আবদুর রাজ্জাক  চেয়ারম্যান  রায়শ্রী দঃ ইউপি</p>

**গ্রাম আদালত**  
**রায়শ্রী দক্ষিণ ইউনিয়ন পরিষদ**  
**খিলাবাজার, শাহরাস্তি, চাঁদপুর**  
**ডিক্রি/আদেশের অনুলিপি**

মামলা নং- ২৯/২০২৩

তারিখ: ০৫/১০/২০২৩ইং

আবেদনকারীর নামঃ, ৫নং ওয়ার্ড, ইউনিয়ন- রায়শ্রী দঃ, উপজেলা-শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।

.....আবেদনকারী।

বনাম

প্রতিবাদীগণের নামঃ, ৫নং ওয়ার্ড, ইউনিয়ন- রায়শ্রী দঃ, উপজেলা-শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।

.....প্রতিবাদী।

তারিখ	অর্ডার/আদেশের বিবরণ	চেয়ারম্যানের স্বাক্ষর								
১০/১০/২০২৩	<p>অদ্য বাদী ও বিবাদী হাজির আছেন। রায়ের জন্য দিন ধার্য্য আছে। দেখিলাম। পক্ষদ্বয়ের মনোনিত প্রতিনিধিগণ উপস্থিত আছেন। রায়ের জন্য দিন ধার্য্য আছে বিধায় নথি লওয়া হইল।</p> <p>বাদীর আর্জি; বাদী ও বিবাদীর মৌখিক জবানবন্দি তাহাদের আপোষনামার কপি ও স্বাক্ষরপ্রমাণ পর্যালোচনা করা হইল। ইহাতে জানা যায় ও প্রমানিত হয় যে, বিগত ১৫/০৭/২০০৫ইং তারিখে বিবাদী আবদুল কাদের ২৮৪নং ইয়াংছা মৌজা হইতে ৫৪৭নং হোল্ডিং আন্দরে ২য় শ্রেণীর ৪০ (চল্লিশ) শতক জমি বাদীর নিকট বিক্রি করে বিক্রিত জমি রেজিষ্ট্রি না দেওয়ায় বাদী অত্র মামলা দায়ের করেন। বাদী অত্র মামলা দায়ের করার পর গত ২৩/০৩/২০২১ইং তারিখ বাদী-বিবাদী স্থানীয় ভাবে আপোষ মিমাংশা হয়। বিবাদী আপোষ সূত্রে উক্ত হোল্ডিং এর পরিবর্তে একই মৌজার ৪৭২নং হোল্ডিং এর অংশ হইতে উক্ত ৪০ (চল্লিশ) জমি রেজিষ্ট্রি দেওয়ার জন্য সম্মত হয়। সুতরাং উক্ত আপোষনামা অত্র মামলার রায়ের অংশ হিসাবে গণ্য করা হলো।</p> <p>অতএব সার্বিক পর্যালোচনা ও বিবেচনা করিয়া (সর্বসম্মতিক্রমে) নিম্নমতে আদেশ দেওয়া হইল।</p> <p style="text-align: center;"><b>আদেশ</b></p> <p>আপোষনামা অনুযায়ী বাদীর বরাবরে ৪০ (চল্লিশ) শতক জমি রেজিষ্ট্রি দেওয়ার জন্য বিবাদীকে এবং রেজিষ্ট্রির সময় ২০০০০/- (বিশ হাজার) টাকা বিবাদীকে দেওয়ার জন্য বাদীকে বলা হইল।</p> <p><b>প্রতিনিধিগণের নাম ও স্বাক্ষর:</b></p> <table><tr><td>১। .....</td><td>স্বাক্ষরিত/-</td></tr><tr><td>২। .....</td><td>স্বাক্ষরিত/-</td></tr><tr><td>৩। .....</td><td>স্বাক্ষরিত/-</td></tr><tr><td>৪। .....</td><td>স্বাক্ষরিত/-</td></tr></table>	১। .....	স্বাক্ষরিত/-	২। .....	স্বাক্ষরিত/-	৩। .....	স্বাক্ষরিত/-	৪। .....	স্বাক্ষরিত/-	<p>স্বাক্ষর অপাঠ্য- আবদুর রাজ্জাক চেয়ারম্যান রায়শ্রী দঃ ইউপি</p>
১। .....	স্বাক্ষরিত/-									
২। .....	স্বাক্ষরিত/-									
৩। .....	স্বাক্ষরিত/-									
৪। .....	স্বাক্ষরিত/-									